গাংনীতে হাতবোমা, ভারতীয় মদ ও ট্যাবলেটসহ আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলায় পৃথক অভিযানে দুটি হাতবোমা, ভারতীয় মদ ও বিপুল পরিমাণ ট্যাবলেট উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। এ ঘটনায় মনতাজ আলী (৬০) নামে এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

শনিবার (৪ এপ্রিল) দুপুরে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে।

আটক মনতাজ আলী গাংনী উপজেলার কালিয়ানী ভিটাপাড়া গ্রামের মৃত আফসার আলীর ছেলে।

বিজিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তবর্তী এলাকায় পৃথক অভিযান চালানো হয়। গাংনীর ধলা গ্রামের মাঠে বিশেষ অভিযানে মনতাজ আলীকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে দুটি হাতবোমা ও একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। তবে তার এক সহযোগী ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

আটক ব্যক্তি ও উদ্ধারকৃত বোমা গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

এদিকে চিলমারী বিওপির শান্তিপাড়া এলাকায় আরেকটি অভিযানে ৯ বোতল ভারতীয় মদ, ১,১৬০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট, ৮৪০ পিস সিপ্রোহেপ্টাডিন ট্যাবলেট এবং ৫৫ প্যাকেট পাতার বিড়ি উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) জানায়, সীমান্ত এলাকায় মাদক ও চোরাচালান প্রতিরোধে তাদের জিরো টলারেন্স নীতি অব্যাহত রয়েছে। যুবসমাজকে মাদকের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা এবং জাতীয় নিরাপত্তা নিশ্চিত করতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও চলমান থাকবে।

গাংনীর তেঁতুলবাড়িয়া থেকে তিনটি হাতবোমা উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার একটি ব্রীজের উপর থেকে তিনটি হাতবোমা উদ্ধার করেছে থানা পুলিশ।

গতকাল শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) রাত ৯টার দিকে গাংনী উপজেলার নওাপাড়া-তেঁতুলবাড়িয়া সড়কের ধলা ব্রিজের ওপর লালকসটেপ মোড়ানো হাত বোমা তিনটি উদ্ধার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শী তেঁতুলবাড়িয়া গ্রামের রাশেদুজ্জামান বলেন, তাঁরা কয়েকজন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা মোটরসাইকেলের হাট থেকে মোটরসাইকেল কিনে তিনটা গাড়িতে একসাথে আসার আসছিলেন। ব্রীজের কাছাকাছি পৌঁছালে কয়েকজন লোক পালিয়ে যায়। ব্রীজের উপর পৌছানোর পর সেখানে লাল কসটেপ মোড়ানো তিনটি হাতবোমা দেখতে পেয়ে গাংনী থানা পুলিশকে খবর দেন।

পরে গাংনী থানার উপপরিদর্শক পিন্টু সঙ্গীয় ফোর্সসহ ঘটনাস্থলে এসে বোমা তিনটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে নিয়ে থানায় নেন। স্থানীয় বাসিন্দা অ্যাডভোকেট মোশারফ হোসেন জানিয়েছেন, ধারণা করা হচ্ছে ছিনতাইকারীরা ছিনতাইয়ের প্রস্তুতি নিচ্ছিল ছিনতাইকারীরা। তিনটি মোটরসাইকেলে কেয়েকজন লোক আছে ভেবে ছিনতাইকারীরা মাঠের দিকে পালিয়ে গেছে।

গাংনী থানার ওসি বাণী ইসরাইল জানিয়েছেন, ঘটনাস্থল থেকে বোমাগুলো উদ্ধার করে পানি ভর্তি বালতিতে রেখে প্রাথমিক অবস্থয় নিস্ক্রিয় করা হয়েছে।